

# ইচ্ছে করে



**Aditya Saha Mondal**

B. Sc. 2<sup>nd</sup> Year

Department of  
Environmental Science

Asutosh College

ইচ্ছে করে ফিসফিসে বাতাস হয়ে,  
সবুজ পাতার মধ্য দিয়ে যাই অবাধে বয়ে ।  
ইচ্ছে করে রূপালী সুতো সেজে  
নদীর সাথে এগিয়ে চলি দিবারাত্রি জেগে ।

শুনতে পাই এই পাখির কলতানে প্রকৃতি ভরে ওঠে,  
নীরব করুণায় দাঁড়ানো পাহাড়ের মধ্যে যেন এক টুকরো সবুজ  
ফোটে ।

যেখানে প্রকৃতির সৌন্দর্য তার স্থান পায় খুঁজে  
প্রকৃতি এক বিস্ময়কর জগৎ, মেনে নিয়েছি এ সত্য সহজে ।

পৃথিবীর গভীর নিঃশ্বাসে ফেলি দীর্ঘশ্বাস  
থাকতে চাই প্রকৃতির আলিঙ্গনে, নিয়ে নবীন উচ্ছ্বাস ॥

[adityasahamondal@gmail.com](mailto:adityasahamondal@gmail.com)

